

৩য় সখি নারী ফুটবল টুর্নামেন্ট - ২০১৮ আয়োজন বিষয়ক সংবাদ সম্মেলন

১লা মার্চ, ২০১৮। দুপুর ১টা থেকে ২টা। কনফারেন্স রুম, বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) ভবন, মতিঝিল, ঢাকা
আয়োজনে: বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) এবং
সখি: নারীর স্বাস্থ্য, অধিকার ও ইচ্ছাপূরণ প্রকল্প, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

প্রিয় সাংবাদিক বন্ধুগণ,

বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) এবং নারীর স্বাস্থ্য, অধিকার ও ইচ্ছাপূরণ (সখি) প্রকল্প, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষ থেকে আপনাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। আমাদের আহ্বানে সাড়া দিয়ে আজ আপনারা এ সংবাদ সম্মেলনে উপস্থিত হওয়ার জন্য কৃতজ্ঞতা জানাই।

প্রিয় বন্ধুগণ,

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) একটি জাতীয় পর্যায়ে আইন সহায়তা প্রদানকারী সংস্থা, যা বাংলাদেশের ১৯টি জেলায় তার কার্যক্রম পরিচালনা করছে। ব্লাস্ট দরিদ্র ও অসহায় মানুষদের বিনামূল্যে আইনগত পরামর্শের পাশাপাশি নির্যাতনের শিকার এবং অসহায় মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য মামলা পরিচালনাসহ বিভিন্ন এডভোকেসী এবং গবেষণাধর্মী কাজ করে থাকে। এ কাজের ধারাবাহিকতায় ব্লাস্ট ২০১৩ ইং সাল হতে “সখি - নারীর স্বাস্থ্য, অধিকার এবং ইচ্ছাপূরণ” নামে একটি প্রকল্প নিয়ে কাজ করছে। ‘সখি’ প্রকল্প ঢাকা শহরের ৩টি এলাকার ১৫টি বস্তি এলাকার নারীদের প্রতি নির্যাতন প্রতিরোধ ও নারীর স্বাস্থ্য অধিকার সম্পর্কে সচেতনতাসহ বিনামূল্যে আইনগত এবং স্বাস্থ্য সেবার কাজ করছে। নেদারল্যান্ডস দূতাবাসের আর্থিক সহযোগিতায় পরিচালিত এই প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা হিসাবে ব্লাস্ট, মেরী স্টোপস বাংলাদেশ, আমরাই পারি জোট এবং বিডাব্লিউএইচসি যৌথভাবে কার্যক্রম পরিচালনা করছে।

প্রিয় সাংবাদিক বন্ধুগণ,

৮ মার্চ ২০১৮ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে এবং কর্ম এলাকার কিশোরী এবং নারীদের খেলাধুলায় অংশগ্রহণবৃদ্ধিকল্পে আগামী গত ৪-৫ মার্চ ২০১৮ পর্যন্ত দুপুর ১টা হতে বিকাল ৪.৩০ পর্যন্ত ‘সখি ৩য় নারী ফুটবল টুর্নামেন্ট ২০১৮’-এর আয়োজন শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী ৮ই মার্চ, ২০১৮ বেলা দুপুর ৩টা - বিকাল ৫টা পর্যন্ত রাজধানীর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ -এ টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হবে। আয়োজনে মাহফুজা আক্তার কিরণ FIFA, AFC & BFF এর এক্সিকিউটিভ মেম্বর এবং চেয়ারম্যান, নারী শাখা প্রধান, বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং ব্লাস্ট প্রতিনিধিসহ দেশ বরেণ্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

তাই আগামী ৮ মার্চ ২০১৮ বেলা ০৩.০০ টায় রাজধানীর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ -এ আপনারা আপনাদের বহুল প্রচারিত গণ-মাধ্যম এর প্রতিনিধি ও ক্যামেরাম্যানসহ উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। আপনাদের সবার সুস্বাস্থ্য ও দীর্ঘজীবন কামনা করছি।

ধন্যবাদান্তে-

এস এম রেজাউল করিম

পরিচালক ও উপদেষ্টা

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)